জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

**নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ০৫/০২/২০১৯ ইং
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ও কাউন্সিলর, ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**
**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচী-৩। দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরন করন প্রসঙ্গে ।**

আলোচনাঃ জয়পুরহাট পৌরসভার ২০১৮-২০১৯ অর্থ বছরের জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভার রাজস্ব খাত হতে পৌর এলাকার দরিদ্র পরিবারের নারী শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বই সহ অন্যান্য শিক্ষা সামগ্রী বিতরন করার লক্ষ্যে শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে তালিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত তালিকা অনুযায়ী পৌরসভা কার্যালয়ের মিলনায়তনে আগামী ০৫ মার্চ ২০১৯ তারিখে একটি অনুষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী তুলে দেওয়ার জন্য মেয়র মহোদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণ নিম্নোক্ত ভাবে তাদের মতামত প্রদান করেন।

জনাবা মোছাঃ ফেন্সী আরা, কাউন্সিলর, সংরক্ষিত-০৩, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় বলেন, এটি একটি ভাল উদ্যেগ। শিক্ষা সামগ্রী বিতরন অনুষ্ঠান সুষ্ঠুভাবে করার জন্য অনুষ্ঠান পরিচালনা কমিটি গঠন গঠন করা যেতে পারে ।

জনাব মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য বলেন, শিক্ষা সামগ্রী পাবার তালিকা ভুক্ত শিক্ষার্থীদের অনুষ্ঠান সুচী মোতাবেক সঠিক সময়ে উপস্থিত হওয়ার এবং শিক্ষা সামগ্রী শিক্ষার্থী অনুযায়ী পৃথকীকরণ করে সাজিয়ে রেখে তালিকা অনুযায়ী বিতরন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ- দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের শিক্ষা সামগ্রী বিতরনের জন্য শিক্ষা সামগ্রী শিক্ষার্থী অনুযায়ী সাজানো সহ অনুষ্ঠান পরিচালনার জন্য মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে কমিটি গঠন করা এবং অনুষ্ঠানটি সফল করার লক্ষ্যে এ কমিটির পক্ষথেকে সার্বিক সহযোগিতা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্য সূচী-৩। জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাপসুল ক্যাম্পেইন জানুয়ারী/২০১৯ এর তারিখ পরিবর্তিত হওয়া প্রসঙ্গে।**

আলোচনা: সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, গত ১৯/০১/২০১৯ ইং তারিখে ০৬ মাস থেকে ০৫ বছর বয়সী শিশুদের ভিটামিন 'এ' প্লাস ক্যাপসুল খাওয়ানোর তারিখ নির্ধারিত ছিল। কিন্তু বিশেষ কারণে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কার্যক্রম ১৯/০১/২০১৯ ইং তারিখের পরিবর্তে ০৯/০২/২০১৯ ইং তারিখে অনুষ্ঠিত হবে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ গত মাসের সিদ্ধান্তের আলোকে আগামী ০৯/০২/২০১৯ ইং তারিখে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর কার্যক্রম সফল ভাবে বাস্তবায়নের জন্য এ কমিটির পক্ষথেকে সার্বিক সহযোগিতা সহ কার্যক্রম পর্যবেক্ষন করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

**২নং আলোচ্য বিষয় ঃ (জানুয়ারী-মার্চ/২০১৯) কোয়াটারে উঠান বৈঠক ফলপ্রসু করণ বিষয়ে আলোচনা।**

আলোচনা ঃ সভাপতি মহোদয় আলোচনা কালে বলেন, UGIIP-III প্রকল্প অফিসের স্মারক নং ৪৬.০২-০০০০.৭৯৬.১৪.০১.G-০১(অংশ-১).২০১৫/২৪৩(৩৫) তারিখঃ ৩১/০১/২০১৯ ইং মূলে উঠান বৈঠক কার্যকর ও ফলপ্রসু করার জন্য বিভিন্ন কার্যবলী সংবলিত ফ্লিপবুক প্রেরণ করেছেন। উক্ত ফ্লিপবুক এর তথ্য অনুযায়ী প্রতি কোয়াটারে প্রত্যেক ওয়ার্ডে পূর্বের ন্যায় ০২ টি করে উঠান বৈঠক আয়োজন করতে হবে। উঠান বৈঠক এ ওয়ার্ড কমিটি (WC) কে সম্পৃক্ত করে ও ওয়ার্ড কাউন্সিলর এর সহযোগিতায় সংশ্লিষ্ঠ ওয়ার্ডের নারী কাউন্সিলর এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে । উক্ত উঠান বৈঠক পরিচালনার সহায়িকা হিসেবে উঠান বৈঠকে প্রকল্প অফিসের প্রেরিত দুই পর্বের ফ্লিপবুক প্রদর্শন করতে হবে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ ওয়ার্ড কমিটি (WC) কে সম্পৃক্ত করে ও ওয়ার্ড কাউন্সিলর এর সহযোগিতায় সংশ্লিষ্ঠ ওয়ার্ডের নারী কাউন্সিলর এর সভাপতিত্বে উঠান বৈঠক সমূহে প্রকল্পের নির্দেশনা মোতাবেক কর্যক্রম গ্রহণ করে ফলপ্রসু করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০১৮-২০১৯/ ৬৬১ (৮)

তারিখ ঃ ৫/২/২০১৯ ইং

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ............................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ০৫/০২/২০১৯ ইং।

রোজ ঃ মঙ্গলবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | 05.02.19 |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | |